



কোড বাস্তবায়ন গাইড

গুগল অ্যাডসেন্স, অ্যাডব্রাইট, কোনতেরা ও অ্যামাজনের অফার আপনার সাইটে সংযুক্ত করে আয় করতে চাইলে ওই সাইট থেকে অ্যাড কোড এনে আপনার সাইটে সংযুক্ত করলে সাইটে বিভিন্ন ধরনের ব্যানার ও টেক্সট অ্যাড দেখা যাবে। এসব অ্যাডে ভিজিটরের মাধ্যমে ক্লিক হলে আপনার আয় হবে। সব অ্যাড নেটওয়ার্কের কোড বাস্তবায়ন পদ্ধতি প্রায় একই ধরনের। এবার দেখা যাক কীভাবে সাইটে কোড সংযুক্ত করা হয়। এখানে উদাহরণ হিসেবে গুগল অ্যাডসেন্সের কোড বাস্তবায়ন পদ্ধতি দেখানো হয়েছে।

লক্ষণীয়, অনেক সময় সিকিউরিটি ও অপটিমাইজেশন সাইটের গঠন পরিবর্তন হয়। এখানে উল্লিখিত ধাপগুলো অনুসরণ করে এগিয়ে যান। গুগল অ্যাডসেন্সের কোড নেয়ার জন্য প্রথমে Google.com/adsense-এ যান। এখানে অ্যাডসেন্সের জি-মেইল অ্যাকাউন্ট ও পাসওয়ার্ড দিয়ে সাইন ইন করুন (অবশ্যই আপনার অ্যাডসেন্স অ্যাকাউন্ট থাকতে হবে)। এখন অ্যাডসেন্স সেটআপে ক্লিক করুন।



চিত্র-০১

এরপর Adsense For Content-এ ক্লিক করে Ad Unit সিলেক্ট রেখে Continue-এ ক্লিক করুন। এরপর Ad-এর সাইজ সিলেক্ট করে Continue-এ ক্লিক করে আবার Continue-এ ক্লিক করুন।



চিত্র-০২

এবার Submit and Get Code-এ ক্লিক করে কোডে ডান ক্লিক করে কপিতে ক্লিক করুন। এবার এই কোড আপনার সাইটে সংযুক্ত করতে হবে। সাধারণত ব্লগ সাইটে স্বয়ংক্রিয়ভাবে অ্যাডসেন্স অ্যাড প্রদর্শিত হয়। তাই এখনে Html সাইটে কোড সংযুক্ত করা দেখানো হয়েছে।



চিত্র-০৩

ইন্টারনেটে অর্থ উপার্জনের কৌশল


পর্ব-১

ইঞ্জিনিয়ার নাহিদ মিথুন

এখন আপনার ওয়েবপেজটিকে নেটপ্যাডের সাহায্যে ওপেন করুন এবং বডি ট্যাগের ভেতরে পছন্দমতো জায়গায় পেস্ট ও সেভ করে Filezila সফটওয়্যার দিয়ে ওয়েব সার্ভারে আপলোড করুন। ফ্রি ওয়েব ডেভেলপমেন্ট বইয়ের জন্য <http://easyearns.com/> সাইটে ভিজিট করুন। এখন আপনার ওয়েবসাইটে গুগল অ্যাডসেন্সের অ্যাড প্রদর্শিত হবে।

জরুরি বিষয় মনে রাখুন

০১. কখনও নিজের ওয়েবসাইটের বিজ্ঞাপনে ক্লিক করবেন না। আপনার দক্ষতাকে কাজে লাগিয়ে যত টাকা আয় করবেন গুগল নির্দিষ্ট সময়ে আপনার ব্যাক অ্যাকাউন্টে অবশ্যই জমা করে দেবে এবং এতে সময়ের হেরফের হয় না। গুগল তার ব্যবসায়িক স্বার্থে রক্ষা করে চলে। গুগলের টেকনোলজি আপনার সব কার্যকলাপের খবর রাখে। তাই ভুল করে কখনও আপনার নিজের ওয়েবসাইটের বিজ্ঞাপনে ক্লিক করবেন না। করলে গুগল আপনার অ্যাডসেন্স অ্যাকাউন্ট বন্ধ করে দেবে।




চিত্র-০৪

০২. কখনও পরিচিতজনদের আপনার সাইটের বিজ্ঞাপনে ইচ্ছাকৃতভাবে ক্লিক করতে বলবেন না। তবে অবশ্যই বেশি বেশি আয় করার ব্যবস্থা আছে।



চিত্র-০৫

০৩. আপনার প্রতিদিনের আয়ের প্রতি নজর রাখুন। হঠাৎ একদিন অনেক বেশি আয় হলে কারণটা খুঁজে বের করুন কেউ ইচ্ছাকৃতভাবে ক্লিক করছে কি না। করলে তা বন্ধ করার ব্যবস্থা করুন।



চিত্র-০৬

০৪. গুগলের সাথে Bidvertiser, Chitika ও অন্যান্য নেটওয়ার্ক ব্যবহার করুন।



চিত্র-০৭

০৫. একটি পেজে তিনটির বেশি অ্যাড কোড ব্যবহার করবেন না।



চিত্র-০৮

সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন



চিত্র-০৯

এখন অ্যাডসেন্স ও অ্যাফিলিয়েট থেকে আয় করতে হলে আপনার ওয়েবসাইটে প্রচুর ভিজিটরের আগমন ঘটাতে হবে। ভিজিটর যত বাড়বে, আপনার আয়ও তত বাড়তে থাকবে। আপনার ওয়েবসাইটে প্রচুর ভিজিটরের আগমন ঘটানোর জন্য কিছু কৌশল অবলম্বন করতে হবে। এ কৌশলের নাম SEO বা Search Engine Optimization। এর মাধ্যমে আপনার ওয়েবসাইটে ভিজিটরের আগমন ঘটানো যাবে। আপনাকে মনে রাখতে হবে, প্রতিটি ভিজিটরের ক্লিকে আপনার আয় হবে। সুতরাং যত বেশি ভিজিটর, তত বেশি আয়। এখন আপনি নির্ধারণ করুন কী পরিমাণ অর্থ আয় করতে চান।

ফিডব্যাক : mentorsytems@gmail.com